# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব মাসুদ দম্পতি দুজনেই কর্মজীবী হওয়ায় তাদের একমাত্র পুত্র রিপন কে ছোটবেলা থেকেই হোস্টেলে রেখে পড়াশুনা করান। ছুটিতে বাড়ি আসলেও তাদের ব্যস্ততার কারণে ছেলেকে বেশি সময় দিতে পারেননি। বেশির ভাগ সময় একা থাকাতে সে তার নিজের সুখ-দুঃখ, আনন্দ-বেদনা কারও সাথে ভাগাভাগি করতে পারে না এবং অন্যের সুখ-দুঃখেও আনন্দ কিংবা কষ্ট পায় না। একদিন তিনি জনাব কাশিমের বাসায় বেড়াতে গেলে তার ছেলে শান্ত দরজা খুলেই জনাব মাসুদ কে সালাম দেয়। তাকে সম্মানের সাথে বসিয়ে বাবাকে ডেকে দেয় এবং নিজেই চা নাস্তা নিয়ে আসে। মাসুদ তাকে দেখে মুগ্ধ হয় এবং নিজের ছেলেকে এভাবে গড়ে তুলতে পারেন নি ভেবে মনে কষ্ট পান।

ক. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত সবচেয়ে পুরাতন মতবাদ কোনটি? ১

খ. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত বল প্রয়োগ মতবাদের মূল বক্তব্য কী? ২

গ. রিপনের মানসিক বিকাশ সমৃদ্ধ না হওয়ায় পরিবারের যে কাজটি ব্যাহত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. ছেলে মেয়েদের সঠিকভাবে গড়ে তোলার জন্য জনাব কাশিমের পরিবারের যে কাজটির ভূমিকা রয়েছে তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

২.▶ আকমল স্যার ব্ল্যাক বোর্ডে কতগুলো অধিকারের নাম লিখলেন; যথা জীবন রক্ষার অধিকার, স্বাধীনভাবে চলাফেরার অধিকার, মত প্রকাশের অধিকার, নির্বাচিত হওয়ার, পরিবার গঠন, শিক্ষা লাভ, নির্বাচনে ভোটাধিকার, শ্রমিক সংঘ গঠনের অধিকার, আইনের দৃষ্টিতে সমান সুযোগে লাভ, আবেদনের মাধ্যমে অভাবে অভিযোগ প্রতিকার, সম্পত্তির অধিকার, ধর্ম চর্চার অধিকার, যোগ্যতা অনুযায়ী কাজ করার অধিকার, ন্যায্য মজুরি লাভের অধিকার, অবকাশ লাভের অধিকার।

ক. 'রাষ্ট্র' সম্পর্কে অধ্যাপক গার্ণারের সংজ্ঞাটি লেখ। ১

https://teachingbd24.com

খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝ? ২
গ. আকমল স্যারের লিখিত অধিকারগুলো শ্রেণিবিভাগ করে চার্ট আকারে দেখাও। ৩
ঘ. উল্লিখিত অধিকার ভোগের জন্যে নাগরিকদের কি কোনো শর্ত পালন করতে হয়? যুক্তিসহ উত্তর দাও। ৪

৩.▶ জনাব মনসুর আলী দশ বছর যাবৎ সুপ্রিম কোর্টের বিচার পতি। দেশের প্রচলিত আইন অনুসারেই তিনি বিচার করেন। মাঝে মধ্যে মামলার সাথে প্রচলিত আইনের সুস্পষ্টতা না পেলে তার দীর্ঘ দিনের অভিজ্ঞতার আলোকে বিচার কাজ সম্পাদন করেন। তার ছোট ভাই জনাব তাহের আইন তৈরির ক্ষেত্রে সরাসরি ভোট দেন। তার প্রতিষ্ঠান জনাব মনসুর আলীর রায়কে প্রচলিত আইনে রূপান্তরিত করতে পারে।

ক. স্বাধীনতা কী? ১
খ. সাম্য ও স্বাধীনতা কীভাবে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মনসুর আলীর রায় প্রদান আইনের কোন উৎসকে প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনাব তাহেরের প্রতিষ্ঠান আইনের প্রধান উৎস' -বিশ্লেষণ কর। ৪

৪.▶ দক্ষিণ এশিয়ার রাষ্ট্র 'ক' এর প্রতিবেশী রাষ্ট্র 'খ'। 'ক' রাষ্ট্রের ২৮টি অঙ্গরাজ্য রয়েছে। অন্যদিকে 'খ' দেশটির কোনো অঙ্গরাজ্য নেই। একটিমাত্র সরকারই সারা দেশ পরিচালনা করে। উক্ত দেশটি সদ্য স্বাধীনতা প্রাপ্ত একটি উন্নয়নশীল দেশ।

ক. নিয়মতান্ত্রিক রাজতন্ত্র কাকে বলে? ১
খ. গণতন্ত্রকে সর্বাপেক্ষা জনপ্রিয় শাসনব্যবস্থা বলা হয় কেন? ২
গ. 'ক' রাষ্ট্রটি কোন ধরনের রাষ্ট্রব্যবস্থা? এর বৈশিষ্ট্য উপস্থাপন কর। ৩
ঘ. উদ্দীপকের 'খ' রাষ্ট্রটিতে একটি মাত্র সরকারই সারা দেশ পরিচালনা করে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫.▶ 'X' রাষ্ট্রে যেসব মূলনীতি অনুসরণ করে রাষ্ট্র পরিচালিত হয় তা কোনো সনদ বা দলিলে লিখিত নেই। বরং ক্রমে ক্রমে গড়ে উঠেছে। দেশটিতে কোনো জটিল সমস্যা উপস্থিত হলে তা প্রচলিত প্রথা অনুযায়ী করা হয়। অন্যদিকে 'Y' রাষ্ট্রের পরিচালনার নীতিমালা লিখিত আকারে সে দেশের আইন পরিষদ কর্তৃক প্রণীত। এই রাষ্ট্রে লিখিত নীতিমালা অনুসরণ করে যেকোনো সমস্যার সমাধান করা হয়।

https://teachingbd24.com

ক. কত সালে ইংল্যান্ডের রাজা 'ম্যাগানাকার্টা' অধিকার সনদ স্বাক্ষর করেন? ১
খ. সংবিধানকে রাষ্ট্রের দর্পণ বলা হয় কেন? ২
গ. 'X' রাষ্ট্রের সংবিধান কোন পদ্ধতিতে প্রণীত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'Y' রাষ্ট্রের সংবিধান যুক্তরাষ্ট্রীয় সরকারের সফলতার পূর্বশর্ত' -বিশ্লেষণ কর।৪

৬.▶ 'ক' ব্যক্তি একটি দেশের সরকার প্রধান। তাকে কেন্দ্র করেই শাসন কাজ পরিচালিত হয়। তিনি তার দলের নেতা। তার সরকারের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত 'খ' ব্যক্তি তার পরামর্শ অনুযায়ী দেশের গুরুত্বপূর্ণ পদের ব্যক্তিদের নিয়োগদান করেন। কিন্তু 'খ' ব্যক্তি সর্বোচ্চ আদালতে শাস্তি প্রাপ্ত ব্যক্তির শাস্তি মওকুফ করতে পারলেও 'ক' ব্যক্তি তা করেন না।

ক. জাতীয় সংসদে কত দিনের মধ্যে পরবর্তী অধিবেশন অনুষ্ঠিত হয়? ১
খ. জেলা প্রশাসককে জেলার 'মূল স্তম্ভ' বলা হয় কেন? ২
গ. অনুচ্ছেদের 'খ' ব্যক্তির কাজের ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'ক' ব্যক্তি রাষ্ট্রের শাসনব্যবস্থার মধ্যমণি' উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।৪

৭.▶ আহমেদ আলী সাহেব একটি রাজনৈতিক দলের সক্রিয় সদস্য। তার দল ক্ষমতাসীন দলের গঠনমূলক সমালোচনা করে এবং বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করে। জনগণের সামর্থন আদায়ের মাধ্যমে তার দল সরকারের ভুল-ত্রুটি জনগণের সামনে তুলে ধরে এবং পরবর্তী নির্বাচনে বিজয়ী হয়ে সরকার গঠনের চেষ্টা করে।

ক. নির্বাচন কী? ১
খ. নির্বাচন কমিশনের গঠন ব্যাখ্যা কর। ২
গ. আহমেদ আলী সাহেবের দলের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. গণতন্ত্র বিকাশে আহমেদ আলী সাহেবের দলের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮.▶ অনন্যার বাবা একটি স্থানীয় সরকারব্যবস্থার প্রধান। ৯ জন সাধারণ সদস্য ও ৩ জন মহিলা সদস্যসহ মোট ১৩ জন প্রতিনিধি নিয়ে সংস্থাটি গঠিত। সংস্থাটি সর্বোচ্চ ৫ হাজার টাকা দাবির দেওয়ানি ও ছোটখাটো ফৌজদারি মামলার বিচার করতে পারে।

ক. কতজন সদস্য নিয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ গঠিত হয়? ১
খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. অনন্যার বাবা কোন স্থানীয় সরকারের প্রধান? উক্ত সংস্থার উল্লেখিত কাজ ছাড়াও আর যেসব কার্যাবলি রয়েছে তার একটি তালিকা তৈরি কর।৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত সংস্থাটি কীভাবে নেতৃত্বের বিকাশ ঘটায়? বিশ্লেষণ কর। ৪

৯.▶ কালাম মিয়া পাঁচ কন্যাসন্তানের জনক। সে বড় মেয়ে লায়লা ও মেঝ মেয়ে সায়লা কে এস এস সি পাসের পূর্বে বিয়ে দেয়। তার কোনো পুত্রসন্তান না থাকায় সে দ্বিতীয় বিয়ে করে। দ্বিতীয় স্ত্রীর তিন ছেলে ও এক মেয়ে। কালাম মিয়া দুই স্ত্রী ও সন্তানদের নিয়ে কোন রকমে দিন চালাচ্ছে। অন্যদিকে বড় মেয়ে লায়লার একাধিক ছেলে সন্তান হওয়ায় শ্বশুরের পরিবারের সকলেই খুশি।

ক. ২০০০ সাল পর্যন্ত বাংলাদেশে কত শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করত? ১

খ. খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোচনায় বাংলাদেশের নাগরিক সমস্যার কোন বিষয়টি ফুটে উঠেছে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটি সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ "কুমড়ো ফুলে ফুলে নুয়ে পড়েছে লতাটা মাগো ওরা বলে সবার কথা কেড়ে নেবে।"

ক. ১৯৫৪ সালে নির্বাচনি প্রচারণায় যুক্তফ্রন্ট কত দফায় ম্যানিফেস্টো প্রচার করে? ১

খ. লাহোর প্রস্তাবের মূল বক্তব্য লেখ। ২

গ. উদ্দীপকে ইঙ্গিকৃত আন্দোলনের পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলে বাঙালির মাঝে বাঙালি জাতীয়তাবাদের বীজ বপিত হয় -বিশ্লেষণ কর। ৪

১১.▶ ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় প্রথম সম্মেলন অনুষ্ঠানের মধ্য দিয়ে একটি আঞ্চলিক সংস্থার যাত্রা শুরু হয়। সংস্থাটির বর্তমান সদস্য সংখ্যা ৮। এর সচিবালয় নেপালের রাজধানী কাঠমান্ডুতে অবস্থিত। এর প্রধানের পদবি সেক্রেটারি জেনারেল।

ক. আন্তর্জাতিক আদালতের সদরদপ্তর কোথায় অবস্থিত? ১

খ. ও আইসি'র লক্ষ্য ও উদ্দেশ্য কী কী? ২

গ. উদ্দীপকে যে সংস্থাটির কথা বলা হয়েছে তার গঠনের উদ্দেশ্য বর্ণনা কর।৩

ঘ. উক্ত সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড: ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'পৌরনীতি অধিকার ও কর্তব্য সংক্রান্ত বিজ্ঞান' — কোন অর্থে?
ক ব্যাপক অর্থে  খ শাব্দিক অর্থে
গ সংকীর্ণ অর্থে  ঘ উৎপত্তিগত অর্থে

২. আমাদের এ পৃথিবীতে রাষ্ট্র রয়েছে—
ক ২০০টি  খ ২৪৯টি
গ ২৯৭টি  ঘ ১২৫টি

৩. যে উক্তিটি রাষ্ট্রের ক্ষেত্রে প্রযোজ্য—
i. রাষ্ট্র স্থায়ী প্রতিষ্ঠান
ii. রাষ্ট্র সার্বভৌম ক্ষমতার অধিকারী
iii. রাষ্ট্র একটি বিমূর্ত ধারণা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৪. নাগরিকতা অর্জনের ক্ষেত্রে বাংলাদেশে কোননীতি অনুসরণ করা হয়?
ক শুধু জন্মনীতি
খ শুধু জন্মস্থান নীতি
গ অনুমোদন সূত্রে
ঘ জন্মনীতি ও জন্মস্থান নীতি

৫. অধিকারের সীমা কী দ্বারা সীমাবদ্ধ?
ক দায়িত্ব দ্বারা
খ কর্তব্যের দাবি দ্বারা
গ মানবিক গুণাবলি দ্বারা
ঘ সামাজিক কর্তব্য দ্বারা

৬. প্রচলিত আইন অস্পষ্ট হলে বিচারকগণ কিসের ভিত্তিতে মামলার রায় দেন?
ক অতীত ও স্মৃতির  খ বর্তমান ও ভবিষ্যৎ
গ প্রজ্ঞা ও বুদ্ধির  ঘ নীতি ও আদর্শের

৭. সাম্য ও স্বাধীনতার মূল প্রতীক হচ্ছে—
ক একনায়কতন্ত্র  খ রাজতন্ত্র
গ সার্বভৌমত্ব  ঘ গণতন্ত্র

৮. 'কমেনটরিজ অন্য দ্যা লজ অব ইংল্যান্ড'— গ্রন্থের রচয়িতা কে?
ক অধ্যাপক ডাইসি  খ ব্লাকস্টোন
গ প্লেটো  ঘ এরিস্টটল

৯. একনায়কতন্ত্র এক ধরনের—
ক গণতান্ত্রিক শাসনব্যবস্থা
খ দায়িত্বশীল শাসনব্যবস্থা
গ স্বেচ্ছাচারী শাসনব্যবস্থা
ঘ কল্যাণমূলক রাষ্ট্র

১০. কোন ধরনের রাষ্ট্রে রাজা বা রানি রাষ্ট্রের সর্বময় ক্ষমতার অধিকারী?
ক এককেন্দ্রিক  খ গণতান্ত্রিক
গ নিরঙ্কুশ রাজতন্ত্র  ঘ সমাজতান্ত্রিক

১১. সংসদীয় সরকারব্যবস্থায় কখন জাতীয় স্বার্থ ব্যাহত হয়?
ক যখন দলের সদস্যদের মেধা ও যোগ্যতা বিবেচনা না করে মন্ত্রিসভার অন্তর্ভুক্ত করা হয়
খ যখন পেশিশক্তিকে মূল্যায়ন করা হয়
গ যখন প্রভাব প্রতিপত্তিকে প্রাধান্য বেশি দেওয়া হয়
ঘ যখন অসাধারণ মেধাকে ক্ষীণ মনে করা হয়

১২. কোন সংবিধান তৈরি হয়নি, গড়ে উঠেছে?
ক লিখিত সংবিধান
খ অলিখিত সংবিধান
গ সুপরিবর্তনীয় সংবিধান
ঘ দুষ্পরিবর্তনীয় সংবিধান

১৩. কোন তারিখে বাংলাদেশের সংবিধান চূড়ান্তভাবে প্রণীত ও গৃহীত হয়?
ক ১৯৭১ সালের ৭ মার্চ
খ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর
গ ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর
ঘ ১৯৭২ সালের ৪ নভেম্বর

১৪. জাতীয় সংসদে সংরক্ষিত কতজন মহিলা সদস্য রয়েছে?
ক ৫০ জন  খ ৩০ জন
গ ৪০ জন  ঘ ৬০ জন

১৫. বাংলাদেশের সর্বোচ্চ ব্যক্তি কে?
ক প্রধানমন্ত্রী  খ রাষ্ট্রপতি
গ প্রধান বিচারপতি  ঘ আইনমন্ত্রী

Teachingbd24.com

১৬. বাংলাদেশের জাতীয় সংসদের অর্ধেকের বেশি সদস্য সরকারের বিরুদ্ধে ভোট দিলে কী ঘটবে?
ⓚ রাষ্ট্রপতি অপসারিত হবে
ⓛ প্রধানমন্ত্রী পদত্যাগ করবে
ⓜ সরকারের পতন ঘটবে
ⓝ সরকারের কিছুই হবে না

১৭. জেলার মূলস্তম্ভ কাকে বলে?
ⓚ জেলা প্রশাসককে
ⓛ সিটি মেয়রকে
ⓜ প্রধানমন্ত্রীকে
ⓝ বিভাগীয় কমিশনারকে

১৮. প্রার্থী মনোনয়ন করা কার কাজ?
ⓚ সরকারের
ⓛ রাজনৈতিক দলের
ⓜ নির্বাচকমণ্ডলীর
ⓝ নির্বাচন কমিশনের

১৯. ১৯৯১ সালে কাদের ঐক্যমতের মাধ্যমে সংসদীয় গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়?
ⓚ দেশের সকল সাংস্কৃতিক সংগঠনের
ⓛ আন্তর্জাতিক প্রতিষ্ঠান
ⓜ দেশের সকল রাজনৈতিক দলের
ⓝ দেশের সকল সমিতির

২০. বাংলাদেশের সংবিধান দ্বারা স্থাপিত সম্পূর্ণ সুষ্ঠু ও নিরপেক্ষ প্রতিষ্ঠান কোনটি?
ⓚ রাজনৈতিক দল
ⓛ সাংস্কৃতিক সংগঠন
ⓜ প্রশাসন বিভাগ
ⓝ নির্বাচন কমিশন

২১. রাষ্ট্রের এলাকাকে বিভক্ত করে ক্ষুদ্রতর পরিসরে প্রতিষ্ঠিত সরকারব্যবস্থা হচ্ছে—
ⓚ কেন্দ্রীয় সরকার
ⓛ স্থানীয় সরকার
ⓜ জাতীয় সরকার
ⓝ উপরের সবগুলো

২২. পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাম কী?
ⓚ গারো ⓛ সাঁওতাল
ⓜ চাকমা ⓝ মণিপুরী

২৩. পৃথিবীর মধ্যে জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের স্থান কততম?
ⓚ ৭ম ⓛ ৯ম
ⓜ ১০ম ⓝ ৮ম

২৪. ডাস্টবিন নির্মাণ পৌরসভার কোন ধরনের কাজ?
ⓚ জনস্বাস্থ্যমূলক ⓛ উন্নয়নমূলক
ⓜ শান্তিপূর্ণ পরিবেশ রক্ষা সংক্রান্ত
ⓝ সৌন্দর্য রক্ষা সংক্রান্ত

২৫. সমাজের কোন শ্রেণির ক্ষমতায়ন জনসংখ্যা নিয়ন্ত্রণে বিশেষ অবদান রাখবে?
ⓚ নারী ⓛ উকিল
ⓜ ডাক্তার ⓝ শিক্ষা

২৬. সন্ত্রাস সৃষ্টির হাত থেকে রক্ষা পাওয়া যায়—
i. উপযুক্ত শিক্ষা গ্রহণ
ii. সুস্থ বিনোদন
iii. জীবনযাত্রার মানের উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৭. আমাদের দেশের কোন দিবসটি বিশ্বের সর্বত্র উদযাপিত হচ্ছে?
ⓚ স্বাধীনতা দিবস ⓛ বিজয় দিবস
ⓜ পহেলা বৈশাখ ⓝ শহিদ দিবস

২৮. ৬ দফা কর্মসূচি উত্থাপন করেন কে?
ⓚ এ কে ফজলুল হক
ⓛ শেখ মুজিবুর রহমান
ⓜ মাওলানা ভাসানী
ⓝ মোহাম্মদ আলী জিন্নাহ

২৯. পাকিস্তানের গণপরিষদে বাংলাকে ভাষা হিসেবে গ্রহণের প্রস্তাব করেন কে?
ⓚ ধীরেন্দ্র নাথ দত্ত
ⓛ লিয়াকত আলী খান
ⓜ নবাব সলিমুল্লাহ
ⓝ ফজলুল হক

৩০. আন্তর্জাতিক আদালতের সদরদপ্তর কোথায় অবস্থিত?
ⓚ লন্ডন শহরে
ⓛ হেগ শহরে
ⓜ নিউইয়র্ক শহরে
ⓝ সানফ্রান্সিসকো শহরে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com